

মাদ্রাসা ছাত্রের প্রতি এ কেমন নিষ্ঠুর আচরণ?

মিরসরাই প্রতিনিধি

চট্টগ্রামের মিরসরাইয়ে রামার উত্তম তেল পড়ে, মারাত্মকভাবে দক্ষ হয়েছে মো. ইব্রাহিম নামে এক শিশু। সে মাদ্রাসা ছাত্র। সোমবার উপজেলার কররহাট ইউনিয়নের হাবিলদার বাসা এলাকার রশিদিয়া এমদাদুল উলুন মাদ্রাসায় এ ঘটনা ঘটে। ইব্রাহিম গুরুতর দক্ষ হলেও মাদ্রাসা কর্তৃপক্ষ তাকে চিকিৎসা না দিয়ে ৬ দিন ধরে আটকে রাখে। পরে সে পালিয়ে আসে। জানা যায়, দক্ষ ইব্রাহিম (১১) মাদ্রাসার বিতরণ বিভাগের পঞ্চম শ্রেণীর ছাত্র। তার বাড়ি নোয়াখালীর মাইজনী। সে মাদ্রাসায় থেকে শড়মেখা করত। ঘটনার দিন মাদ্রাসার রামা ঘরের ওপর থেকে লাকড়ি রামার উত্তম বড়িয়ে পড়ে তেল ছিটকে পড়ে তার শরীরে। এতে তার পেটের ৯ শতাংশ পুড়ে যায়। পরে মাদ্রাসার শিক্ষকরা তাকে যথাযথ চিকিৎসা না দিয়ে শুধুমাত্র ব্যাধার ওষুধ দিয়ে মাদ্রাসায় আটকে রাখে। এ সময় তার মামা আনোয়ার হোসেন মাদ্রাসার পরিচালক ইসমাঈল বিন মোজাম্মেলের সঙ্গে যোগাযোগ করলে তেমন কিছু হয়নি বলে জানান তিনি। এ বিষয়ে মাদ্রাসার পরিচালক মাওদানা ঈসমাইলের কাছে জানতে চাইলে তিনি বলেন, "আমরা নির্ভেরা তার চিকিৎসা করছিলাম। তার মা-বাবাকে কেন জানাননি জানতে চাইলে তিনি বলেন, মা-বাবা দেখে কান্নাকাটি করবে, তাই আমরা সুস্থ হওয়ার পর জানাব ভেবেছিলাম।"